

তারিখ
 পৃষ্ঠা ... কলাম ...

**ইউনিভার্সিটি অফ
 ওয়েলিংটনের স্কলারশিপ
 কর্মসূচি ঘোষণা**

কাগজ প্রতিবেদক : নিউজিল্যান্ডের শতাব্দী প্রতিস্থাপী শিল্প প্রতিষ্ঠান ভিক্টোরিয়া ইউনিভার্সিটি অফ ওয়েলিংটন এর বাংলাদেশ সেক্টর বাংলাদেশী মেধাবী শিক্ষার্থীদের জন্য স্কলারশিপ কর্মসূচি ঘোষণা করেছে। গতকাল সোমবার এক সংবাদ সম্মেলনের মাধ্যমে বাংলাদেশ সেক্টরের এক্সিকিউটিভ প্রেসিডেন্ট কে বি এম মহিনুদ্দিন চিশতি স্কলারশিপ প্রদানের কথা ঘোষণা করেন।

ইউনিভার্সিটি অফ ওয়েলিংটনের বাংলাদেশ প্রতিনিধি সাংবাদিক সম্মেলনে জানান, এই স্কলারশিপ শুধুমাত্র ২০০২ সালের বসন্তকালীন সেশনের ব্যাচেলর অফ কমার্স এন্ড এডমিনিস্ট্রেশন প্রোগ্রামের জন্য প্রযোজ্য।

সংবাদ সম্মেলনে জানানো হয়, দুটি প্রোগ্রামের আওতায় এই স্কলারশিপ প্রদান করা হবে। প্রথমটি হলো দেশের সকল শিক্ষাবোর্ডের বিজ্ঞান, বাণিজ্য অথবা মানবিক বিভাগের মেধাযুক্ত অধিকারী শিক্ষার্থীদের জন্য। উল্লিখিত বিভাগগুলোর প্রথম থেকে দশম স্থান অর্জনকারীরা কোনো টিউশন ফি ছাড়াই পড়াশোনা করতে পারবে। দ্বিতীয় প্রোগ্রামটি সবার জন্য উন্মুক্ত। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় কেবলমাত্র ১৪০০ নম্বর প্রাপ্ত অথবা ও লেভেলে কমপক্ষে ৪টি এ গ্রেড এবং এ লেভেলে কমপক্ষে ২টি বি গ্রেড প্রাপ্তরা ভর্তি পরীক্ষায় অংশ নিতে পারবে। ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে শিক্ষার্থীদের স্কলারশিপ দেওয়া হবে। ভর্তি পরীক্ষায় প্রথম স্থান অধিকারী শিক্ষার্থী এই স্কলারশিপের আওতায় ১ লাখ টাকা এবং দ্বিতীয় থেকে দশম স্থান অধিকারীরা ৫০ হাজার টাকা পাবে।

সংবাদ সম্মেলনে বাংলাদেশ প্রতিনিধি জানান, স্কলারশিপের জন্য আবেদনপত্র সংগ্রহের শেষ তারিখ ১৬ ফেব্রুয়ারি এবং পাছপত্রের ৫৮/১১/এ, ঠিকানায় বিস্তারিত তথ্য পাওয়া যাবে।